



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।



E-mail: gmmpps1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০০৮.২০২৬.

১১ ৭২

তারিখ:

১৫ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

“ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিলামে বিক্রয় যোগ্য নিম্নবর্ণিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে এর ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামাল/আইটেম সমূহের বিবরণ	পরিমাণ (কেজি/টি)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
০১	প্যাকেজিং কাঠ (নষ্ট)	৬৫০০০ কেজি			১৪/১০/২৬খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত	১৪/১০/২৬খ্রিঃ বেলা ১২.০৫ ঘটিকায়।
০২	সাদা ও কালো প্লাস্টিক ববিন (নষ্ট)	১০০ টি				
০৩	স্টীল পাতি ও টিনের কৌটা (নষ্ট)	২০০ কেজি				
	সর্বমোট =					

কথায়ঃ-----।


শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগণ নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র অত্র পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ রক্ষিত টেন্ডার বাস্তবে জমা প্রদান করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- নিলাম দরপত্র ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- উপরিউক্ত ছকে উল্লিখিত সকল আইটেমের দর উল্লেখ পূর্বক দাখিল করতে হবে। কোন দরদাতা বর্ণিত ০৩টি আইটেমের দর দাখিল না করে আংশিক দর দাখিল করলে দরপত্র গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না।
- নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ প্রাপ্ত না হলে ফেরতযোগ্য)। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহণ/বিবেচনা করা হইবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হবে। তবে সর্বনিম্ন প্রাক্কলিত দরের নীচে কোন দরপত্র বিবেচনা করা হবে না।
- কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- খামের উপর নিলাম দরপত্র এবং দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে।

(অঃপৃঃদ্রঃ)


(২য় পৃষ্ঠা)

- ০৭। কৃতকার্য সর্বোচ্চ দরদরতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উপর আয়কর এবং ভ্যাটসহ সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে মালামাল গ্রহণ করতে হবে।
- ০৮। আগ্রহী যে কোন ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণ বর্ণিত মালামালের দর প্রস্তাবের ক্ষেত্রে উপরের বর্ণনা অনুযায়ী সকল আইটেমের (মালামালের) একত্রে প্রাপ্ত সর্বোচ্চ ও রেসপনসিভ নিলাম দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে।
- ০৯। বর্ণিত মালামাল সমূহ আগামী ১৩/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ হতে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১১। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।


৩০/১০/২৬
(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দ:)।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৯। ডিজিএম, (সদর-কারিগরি/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
- ১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি/কালীবাড়ী/আছিম সাঃজোঃঅঃ), মপবিস-১
- ১১। মেসার্স.....।
- ১২। এজিএম (আইটি ১/২), ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৩। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট: www.pbs1.mymensingh.gov.bd
- ১৪। অফিস/মাস্টার কপি।


৩০/১০/২৬
(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার